



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

হাইড্রোকার্বন ইউনিট এর মার্চ /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১৫-০৩-২০২০
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	মিনি কনফারেন্স রুম, হাইড্রোকার্বন ইউনিট
উপস্থিতি	ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ১৯-০২-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	মুজিব বর্ষ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন ও মুজিব বর্ষ ২০২০ যথাযথভাবে পালনের লক্ষ্যে ড্রপ ডাউন ব্যানার টানানোর ব্যাপারে আলোচনা হয়।	ড্রপ ডাউন ব্যানার টানানো হয়।
০২	<u>ইআরপি</u> জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য সমন্বিত ইআরপি ও অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ড চ এর কাজ দ্রুত শেষ করার ব্যাপারে আলোচনা হয়।	টেন্ডার বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সাথে আলোচনা করার সিদ্ধান্ত হয়।
০৩	<u>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</u> শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়।	শুদ্ধাচারের নির্দেশিত কার্যাবলি সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪	<p>ইনোভেশন: জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।</p>	ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।
০৫	<p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA): প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।</p>	এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করে নান্দ্বার কিভাবে বাড়ানো যায় সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৬	<p>বিদ্যুৎ সাশ্রয়: অফিসের এসি, বৈদ্যুতিক ফ্যান, লাইট, বিদ্যুৎ, পানি ও জ্বালানি ইত্যাদির ব্যবহারে মিতব্যয়ী হওয়ার ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও অফিসের সম্পদ যেমনঃ গাড়ী, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, সার্ভার, ল্যাপটপ ইত্যাদি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p>	বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৭	<p>আদালতে বিচারাধীন মামলা : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ফেব্রুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের বিচারাধীন মামলায় সংশ্লিষ্ট কর্মকর্তা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা এসব বিষয়ে যোগাযোগ করার ব্যাপারে আলোচনা হয়।</p>	আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তিকরণের লক্ষ্যে পরিচালক হাইড্রোকার্বনকে দায়িত্ব প্রদান করা হয়।
০৮	<p>অডিট আপত্তি : ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ফেব্রুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে যোগাযোগ করে জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের ব্যাপারে আলোচনা হয়।</p>	অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৯	<p>ই-নথি: ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই-নথি কার্যক্রমের সূচনা হয়। হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়। তেল, গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে ঠিকানা সংগ্রহ করে তাদেরকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়ার ব্যাপারে আলোচনা হয়।</p>	মন্ত্রণালয় ভিত্তিক অধিদপ্তর সংস্থার ক্যাটাগরি (ছোট) জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান প্রথম দিকে নেয়ার জন্য ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

